

## সুপ্রীম কোর্ট সচিবালয়

সুপ্রীম কোর্ট ভবন, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি-১

-এস.সি.এস.

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪৩২  
১৪ ডিসেম্বর ২০২৫

**বিষয়: দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনায় বাংলাদেশের অধস্তন আদালতসমূহে নিরাপত্তা জোরদারকরণ ও প্রয়োজনীয় নিরাপত্তা বিধান গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিচার বিভাগ রাষ্ট্রের অন্যতম গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। অধস্তন আদালতসমূহে প্রতিদিন বিপুল সংখ্যক বিচারপ্রার্থী, আইনজীবী, কর্মকর্তা-কর্মচারী ও সাধারণ জনগণের উপস্থিতিতে বিচারকার্য পরিচালিত হয়ে থাকে। বর্তমান দেশের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং বিভিন্ন নিরাপত্তাজনিত ঝুঁকির প্রেক্ষাপটে আদালত প্রাঙ্গণে নিরাপত্তা নিশ্চিতকরণ অত্যন্ত জরুরি হয়ে পড়েছে।

উল্লেখ্য যে, নিরাপত্তাজনিত কারণে সম্প্রতি বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের কোর্ট রুমে (এজলাস কক্ষে) আইনজীবী ব্যতীত বিচারপ্রার্থী ও অপ্রত্যাশিত ব্যক্তিবর্গের প্রবেশাধিকার সীমিত/নিয়ন্ত্রিত করা হয়েছে এবং সুপ্রীম কোর্ট প্রাঙ্গণে যেকোনো প্রকার সমাবেশ, মিছিল, বৈধ ও অবৈধ অস্ত্র, মারণাস্ত্র, বিস্ফোরক ও মাদকদ্রব্য বহন সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা হয়েছে।

এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্তের আলোকে এবং দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনায় বাংলাদেশের অধস্তন আদালতসমূহে—

- (ক) আদালত প্রাঙ্গণ ও এজলাস কক্ষে প্রবেশ নিয়ন্ত্রণ,
- (খ) বিচারপ্রার্থী ও দর্শনার্থীদের গতিবিধি তদারকি,
- (গ) আদালত এলাকায় যেকোনো প্রকার সমাবেশ, মিছিল ও নিষিদ্ধ সামগ্রী বহন রোধ,
- (ঘ) বিচারকগণের ব্যক্তিগত নিরাপত্তা এবং তাঁদের সরকারি ও ব্যক্তিগত বাসভবনের নিরাপত্তা জোরদারকরণ,
- (ঙ) পর্যাপ্ত পুলিশ মোতায়েন ও গোয়েন্দা নজরদারি জোরদারকরণসহ প্রয়োজনীয় নিরাপত্তা বিধান করা অত্যন্ত জরুরি।

অতএব, দেশের অধস্তন আদালতসমূহে বিচারকার্য নির্বিঘ্ন, নিরাপদ ও শান্তিপূর্ণ পরিবেশে পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ ও এবিষয়ে সংশ্লিষ্ট পুলিশ ইউনিটসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে,

স্বাঃ/

(মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)

সিনিয়র সচিব (ভারপ্রাপ্ত)

সুপ্রীম কোর্ট সচিবালয়, ঢাকা

ফোন: ০২-২২৩৩৮২৭৮৫

পুলিশ মহাপরিদর্শক

বাংলাদেশ পুলিশ

পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

স্মারক- ৮(১২)/২০২৫

-এস.সি.এস.

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪৩২  
১৪ ডিসেম্বর ২০২৫


**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. জেলা ও দায়রা জজ, (সকল)

৪. মহানগর দায়রা জজ, (সকল)
৫. বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, (সকল)।
৬. বিশেষ জজ, বিশেষ জজ আদালত, (সকল)।
৭. বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, (সকল)।
৮. বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, (সকল)।
৯. বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল, (সকল)।
১০. বিচারক (জেলা জজ), সম্ভ্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, (সকল)।
১১. সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১২. সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল, (সকল)।
১৩. সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৪. চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, (সকল)।
১৫. বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, (সকল)।
১৬. বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, (সকল)।
১৭. বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৮. মহাপরিচালক, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), র‍্যাব ফোর্সেস সদর দপ্তর, ঢাকা।
১৯. মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, ঢাকা।
২০. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২১. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ, ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/রাজশাহী/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
২২. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (সকল)।
২৩. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সকল)।
২৪. জেলা ম্যাজিস্ট্রেট (সকল)।
২৫. পুলিশ সুপার (সকল)।
২৬. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, (সকল)।
২৭. মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২৮. রেজিস্ট্রার জেনারেল-এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩০. অফিস কপি।

  
১৪/১২/২০২৫

(মীর মশহুর আহমেদ)

সাচিবিক সহায়তা প্রদানকারী কর্মকর্তা

(সিভিল জজ)

সুপ্রীম কোর্ট সচিবালয়, ঢাকা

ফোন: ০২২২৩৩৫৫১২৬